



ফতেপুর নাউরী আদর্শ কলেজ বন্ধ হওয়ার উপক্রম

মতলব উত্তর (চাঁদপুর) থেকে সংবাদদাতা ॥ মতলব উত্তর উপজেলার ফতেপুর ইউনিয়নস্থ উপজেলার অত্রিত ওকুত্বপূর্ণ স্থানে নির্মিত নাউরী আদর্শ কলেজটি বর্তমানে কেবলমাত্র রাজনৈতিক রোমান্সের কারণে বন্ধের উপক্রম হয়েছে। জানা যায়, সাবেক প্রতিমন্ত্রী ও বর্তমান ক্ষমতাসীন দলের সাংসদ নুরুল হুদা কলেজ নির্মাণের উদ্দেশ্যে এইখানে ৪ একরেও অধিক জমি ক্রয় করে তার চারদিকে কাটা তার দিয়ে সীমানা নির্ধারণ করলে ও আওয়ামী শাসনামলে এ আসনের (তৎসময়ের) সাংসদ ও সাবেক প্রতিমন্ত্রী মায়ী চৌধুরী তাদের সরকারের শেষের দিকে এ নির্ধারিত স্থানের মধ্যেই গত বছর ৯ ফেব্রুয়ারী নাউরী আদর্শ কলেজ নামে একটি কলেজ প্রতিষ্ঠা করেন। এ জমি নিয়ে আওয়ামী লীগের পক্ষ থেকে বলা হচ্ছে, চারদিকে কারো সীমানা নির্ধারণ করা থাকলেও যে স্থানটুকুতে কলেজ নির্মাণ করা হয়েছে সেই স্থানটুকু আওয়ামী লীগ সরকারের সাবেক প্রতিমন্ত্রী মায়ী চৌধুরী ক্রয় করেছিলেন। অন্যদিকে বিএনপির পক্ষ থেকে বলা হচ্ছে, এই জমি আমাদের বলেই তো আমরা অনেক আগে থেকেই কলেজ নির্মাণের জন্য এই জমির চারদিকে কাটা তার দিয়ে সীমানা নির্ধারণ করে রেখেছিলাম। বর্তমানে জমির মালিকানা ও কলেজ নিয়ে কোর্টে একাধিক মামলা চলছে বলে জানা যায়, বর্তমানে কলেজে ১১ জন স্টাফ রয়েছে যাদের অনেকেই গত ৮/৯ মাস যাবৎ বেতন পাচ্ছে না। তাই শিক্ষকদের অনেকে টিক মতো কলেজে না আসায় ৫১ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। রাজনৈতিক প্রতিহিংসা, কলেজের জমি নিয়ে একাধিক মামলা, বাতের আধারে কলেজের ভিত্তিপ্রস্তরের ফলক কে বা কারা তুলে নিয়ে গেছে এ নিয়ে মামলা, কলেজ কমিটি নিয়ে জটিলতাসহ অন্যান্য প্রতিবন্ধতা ও সহযোগিতার অভাবে নাউরী আদর্শ কলেজটি আজ বন্ধ হবার উপক্রম হয়েছে।